# কিশোর সাহিত্য অকাদেমি পেলেন ত্রিদিব চট্টোপাধ্যায়

আজকালের প্রতিবেদন

এবছর কিশোর সাহিত্যের জন্য সাহিত্য অকাদেমি (বাল) পুরস্কার পেলেন ত্রিদিব কুমার চট্টোপাধ্যায়। তাঁর ‘এখনও গায়ে কাঁটা দেয়’ বইটির জন্য এই সম্মান। ত্রিদিববাবু ছোটদের জন্য বহু দশক ধরে লিখছেন। অজস্র বই রয়েছে। তাঁর ‘জগুমামা’ চরিত্রটি কিশোর–কিশোরীদের কাছে অতি জনপ্রিয়। তিনি ‘কিশোর ভারতী’ পত্রিকার প্রধান সম্পাদক। ২০২৩ সালে ছোটদের সাহিত্যে বিশেষ অবদানের জন্য তিনি পশ্চিমবঙ্গ সরকারের ‘বিদ্যাসাগর স্মৃতি পুরস্কার’ পেয়েছিলেন। তার আগে ২০০৭ সালে রাষ্ট্রপতি পুরস্কারে সম্মানিত হন। এছাড়াও পেয়েছেন ‘প্রথম আলো সম্মান’, অতুল্য ঘোষ স্মৃতি–পুরস্কার, ‘রোটারি বঙ্গরত্ন’–সহ বহু পুরস্কার, সম্মান। ছোটদের জন্য লেখার পাশাপাশি তিনি বড়দের জন্যও গল্প উপন্যাস লেখেন। রহস্য, কল্পবিজ্ঞান, ইতিহাস–নির্ভর সাহিত্যে বিশেষ পরিচয় রেখেছেন।



ত্রিদিব কুমার চট্টোপাধ্যায়